তারিখ ... ১০ MAY 2016 ...
পৃষ্ঠা ... ১-২ ... কলাম ... ২ ...

দৈনিক
আমাদের সময়

# এসএসসি পরীক্ষার ফল আগামীকাল

নিজস্ব প্রতিবেদক ●

এসএসসি ও সমমানের পরীক্ষার ফল ঘোষণা করা হবে আগামীকাল ১১ মে বুধবার। দুপুরে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ নিজ মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে পরীক্ষার ফলাফলের তথ্য-উপাত্ত তুলে ধরবেন। এর আগে সকালে সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের নিয়ে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের কপি তুলে দেবেন। এই পরীক্ষায় ১৬ লাখ ৫১ হাজার ৫২৩ শিক্ষার্থী অংশ নিয়েছিল। দুপুর থেকে শিক্ষার্থীরা অনলাইন, মোবাইল ফোনে এবং নিজ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ফল জানতে পারবে।

এবারও অনলাইন ও মোবাইলের মাধ্যমে একাদশ শ্রেণিতে ভর্তি নেওয়া হবে। আগামী ২৬ মে থেকে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম শুরু হবে, ক্লাস শুরু হবে ১০ জুলাই। মাধ্যমিকের এরপর পৃষ্ঠা ৬, কলাম ৪

## এসএসসি পরীক্ষার ফল আগামীকাল

(শেষ পৃষ্ঠার পর) ফলের ভিত্তিতেই একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির বিধান রেখে নীতিমালা চূড়ান্ত করেছে শিক্ষা মন্ত্রণালয়। গত বছর শিক্ষার্থীরা পাঁচটি কলেজ পছন্দক্রমে রাখার সুযোগ পেলেও এবার ১০টি কলেজকে পছন্দক্রমে রাখতে পারবেন।

কারিগরি জটিলতায় গত বছর একাদশ শ্রেণিতে ভর্তি নিয়ে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হয়। নির্ধারিত সময়ের তিন দিন পর ভর্তিচ্ছুদের মেধা তালিকা প্রকাশ করে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি। এবার বিষয়টি নিয়ে আগে সতর্ক থাকছে শিক্ষা প্রশাসন।

গতকাল বিকালে সচিবালয়ে এ বছরের ভর্তি সংক্রান্ত এক সভা শেষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সাংবাদিকদের বলেন, এবারও অনলাইন ও মোবাইলের মাধ্যমে কলেজে ভর্তির আবেদন নেওয়া হবে। ভর্তি ফিসহ অন্য বিষয়গুলো গতবারের মতোই থাকছে জানিয়ে মন্ত্রী বলেন, ১৬ জুন মেধাতালিকা প্রকাশ করা হবে। ১৮ থেকে ৩০ জুন পর্যন্ত শিক্ষার্থীরা কলেজে ভর্তি হতে পারবে। তবে বিলম্ব ফি দিয়ে ১০ থেকে ২০ জুলাই ভর্তি হওয়া যাবে।

এবার প্রবাসীদের সন্তানদের জন্য শূন্য দশমিক ২ শতাংশ এবং বিকেএসপির শিক্ষার্থীদের জন্য শূন্য দশমিক ২ শতাংশ কোটা বরাদ্দ রাখা হয়েছে।